গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রূপসা,খুলনা।

স্মারক নং- ১৩.০৫.৪৭৭৫.০০৪.৫৭.০০৩.২৪- ৪৭৬ তারিখঃ- ২২/০৬/২০২৫ খ্রি.

# ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্য মন্ত্রণালয়ের ০৭/১০/২০২৪ খ্রি. তারিখের ২০২ নং স্মারকে জারীকৃত ওএমএস নীতিমালা/২০২৪ এবং ১১/১১/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা ওএমএস কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে ওএমএস কার্যক্রমে খাদ্যশস্য বিক্রয়ের জন্য রূপসা উপজেলায় ০৩ (তিন) টি বিক্রয় কেন্দ্রের প্রতিটি কেন্দ্রে ০১(এক) জন হিসেবে মোট ০৩ (তিন) জন ওএমএস ডিলার নিয়োগ করা হবে। ওএমএস ডিলার হিসেবে নিয়োগে আগ্রহী খাদ্যশস্য ব্যবসায়ী/প্রতিষ্ঠানকে আগামী ২২/০৬/২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কোড নং "১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ অন্যান্য আদায়" খাতে চালানে ফি বাবদ ৫০০/- টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানের ফটোকপি অত্র কার্যালয়ে দাখিল করে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে অত্র কার্যালয় হতে চালান পাশ করে নিতে হবে এবং প্রতিদিন বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার,রূপসা,খুলনার কার্যালয়ে রক্ষিত নির্ধারিত বক্সে দাখিল করতে হবে। উল্লেখ্য আবেদনের সাথে চালানের মূল কপি দাখিল করতে হবে। অত্র কার্যালয় হতে সরবরাহকৃত নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোন ফরমে/ফরমে দাখিলকৃত আবেদন গ্রহনযোগ্য হবে না। তাছাড়া নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। ডিলার নির্বাচনের ক্ষেত্রে উপজেলা ওএমএস কমিটি এবং নীতিমালা/২০২৪ ও পরিপত্র অনুযায়ী সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ সংক্রান্ত বিস্তারিত শর্তাবলী ও তথ্যাদি অফিস চলাকালীন সময়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,রূপসা,খুলনা কার্যালয় এবং খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট- www.dgfood.gov.bd হতে জানা যাবে।

| | | |
|---|---|---|
| ১ | বিক্রয় কেন্দ্রের নাম | (০১)নৈহাটি ইউনিয়নে পূর্ব রূপসা বাজার(০২) আইচগাতী ইউনিয়নে সেনের বাজার (০৩) সদর টিএসবি ইউনিয়নে কাজদিয়া বাজার,রূপসা,খুলনা। |
| ২ | আবেদন ফরম বিক্রির কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,রূপসা,খুলনা। |
| ৩ | আবেদন ফরম বিক্রির তারিখ | ২২ /০৬/২০২৫ খ্রি. তারিখ হতে ২৬/০৬/২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত । |
| ৪ | আবেদন জমাদানের তারিখ ও স্থান | ২২/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে ২৬/০৬/২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়।,গোপনীয় শাখা,উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,রক্ষিত বক্সে রূপসা,খুলনা। |
| ৫ | আবেদন যাচাই-বাছাই এর তারিখ | ২৯ /০৬/২০২৫ খ্রি. তারিখ । |
| ৬ | ডিলার নির্বাচনের সময়, তারিখ ও স্থান | অফিস চলাকালীন সময় ৩০/০৬/২০২৫ খ্রি. তারিখ উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ, রূপসা,খুলনা। |

22/6/25
(এমএম ইকবাল হোসেন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা ওএমএস কমিটি
রূপসা,খুলনা।
তারিখঃ- ২২/০৬/২০২৫ খ্রি.

স্মারক নং- - ১৩.০৫.৪৭৭৫.০০৪.৫৭.০০৩.২৪-৪৭৬
অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য-
০১। মহা পরিচালক,খাদ্য অধিদপ্তর,ঢাকা।
০২। পরিচালক,প্রশাসন,খাদ্য অধিদপ্তর,ঢাকা।
০৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,খুলনা বিভাগ,খুলনা।
০৪। জেলা প্রশাসক,খুলনা।
০৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক,খুলনা।
০৬। প্রশাসক,উপজেলা পরিষদ,রূপসা,খুলনা। **(বিজ্ঞপ্তিটি মহোদয়ের কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)**
০৭। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি,উপজেলা ওএমএস কমিটি, রূপসা,খুলনা । **(বিজ্ঞপ্তিটি মহোদয়ের কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)**
০৮। উপজেলা কৃষি অফিসার,রূপসা,খুলনা ও সদস্য,উপজেলা ওএমএস কমিটি।
০৯। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রূপসা,খুলনা ও সদস্য,উপজেলা ওএমএস কমিটি।
১০। চেয়ারম্যান,৫নং টিএসবি ইউনিয়ন পরিষদ,রূপসা,খুলনা ও সদস্য,উপজেলা ওএমএস কমিটি।**(বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)**
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা,রূপসা থানা,রূপসা,খুলনা। আবেদপত্র গ্রহনের তারিখে প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ।
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা,আলাইপুর এলএসডি,রূপসা,খুলনা।
১৩। নোটিশ বোর্ড ও ওয়েব পোর্টাল, এ কার্যালয়।

22/6/25
(এমএম ইকবাল হোসেন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা ওএমএস কমিটি
রূপসা,খুলনা।

CamScanner

**ওএমএস ডিলার হিসেবে নিয়োগের জন্য আবেদনকারীর নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবে ঃ-**

ক) বাংলাদেশের জাতীয়পরিচয় পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধে যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।
খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের হালনাগাদ ট্রেড লাইসেন্সধারী ব্যবসায়ী হতে হবে।
গ) আবেদনকারীকে খাদ্যশস্যের (ফুডগ্রেইন) লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।
ঘ) আবেদনকারীকে সংশ্লিষ্ট বিক্রয় কেন্দ্রে কমপক্ষে ০৩ (তিন) মে. টন খাদ্যশস্য সংরক্ষণ উপযোগী দোকানঘর/সংরক্ষণাগার থাকতে হবে।
ঙ) মালামলের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
চ) নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
ছ) খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পুর্বে শাস্তি প্রাপ্ত,কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারনে ডিলারশীপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
জ) খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার,শ্রম ঠিকাদার,মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসেবে কর্মরত কোন ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ একার্যক্রমে ডিলার হতে পারবেন না;
ঝ) প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
ঞ) কোনো ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে। এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশীপ বাতিল হবে;
ট) ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে;
ঠ) খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা/২০১৫ অনুযায়ী লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন। বিদ্যমান ডিলারদের মধ্যে কেউ বর্তমান নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাকে নতুন ডিলার হিসেবে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা যাবে;

শর্তাবলী :

০১) আবেদরকারী যে বিক্রয় কেন্দ্রের জন্য ডিলার হতে আগ্রহী আবেদপত্রে এবং খামের উপরিভাগে সেই বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করতে হবে।
০২) এক ব্যক্তি /প্রতিষ্ঠান একাধীক বিক্রয় কেন্দ্রে ওএএম ডিলার হিসেবে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন না। যদি কেহ একাধীক কেন্দ্রে ডিলার হিসেবে নিয়োগের জন্য আবেদনপত্র দাখিল করেন,তাহলে তার সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
০৩) ডিলার হিসেবে যোগদানকালে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,রুপসা,খুলনার অনুকূলে জমা দিতে হবে।
০৪) নীতিমালা-২০২৪ মোতাবেক ওএমএস ডিলারকেই খাদ্যশস্য উত্তোলন করতে হবে। তবে জরুরী প্রয়োজনে ডিলারের প্রতিনিধির মাধ্যমে খাদ্যশস্য উত্তোলন করতে হলে ওএমএস কমিটির সদস্য-সচিবের দপ্তরে প্রতিনিধির প্রয়োজনীয় তথ্যাদি দাখিল করে অনুমতি পত্র গ্রহন করতে হবে। তবে ডিলার সপ্তাহে ০৩ (তিন) দিনের বেশী প্রতিনিধি দিয়ে ওএমএস এর খাদ্যশস্য উত্তোলন করতে পারবে না।
০৫) উত্তোলিত মালামাল ওএমএস কমিটি কর্তৃক নির্বাচিত বিক্রয় কেন্দ্রসমুহে সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০টা পযন্ত  সময়ে বিক্রির ব্যবস্থা করতে হবে।
০৬) ওএমএস ডিলারের লাইসেন্স এর মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর। প্রতি বছর অন্তর নির্ধারিত ফি জমা প্রদান স্বাপেক্ষে ডিলারকে লাইসেন্স নবায়ন করতে হবে।
০৭) এস,আর.ও নং-২৬৫-আইন/২০২৪ অনুযায়ী সরকার কর্তৃক নির্ধারিত ফি জমা প্রদান স্বাপেক্ষে ডিলারকে লাইসেন্স গ্রহন ও অন্তত ০১(এক) মাস পুর্বে লাইসেন্স নবায়ন করতে হবে।
০৮) সংশ্লিষ্ট বিষয়ে সময়ে সময়ে জারিকৃত সরকারি নির্দেশনা প্রতিপালন করা হবে।
০৯) একাটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে একাধীক যোগ্য আবেদনকারী পাওয়া গেলে আবেদকারীদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।
১০) সংশ্লিষ্ট কমিটি ডিলার নিয়োগের চুড়ান্ত অনুমোদন প্রদান করবে। কমিটির সদস্য সচিব চুড়ান্তভাবে অনুমোদিত ডিলারদের নিয়োগ আদেশ জারী করবেন।
১১) কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১২) ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত ই চুড়ন্ত বলে গণ্য হবে।
১৩) ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়;
১৪) অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

উপজেলা ওএমএস কমিটির অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

**আবেদনপত্রের সঙ্গে যা প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদান করতে হবে ঃ-**

নির্ধারিত আবেদনফরম পূরণ করে (০১) পাসপোর্ট সাইজের ০২ (দুই)কপি সত্যায়িত ছবি,(০২)ফুডগ্রেইন/খাদ্যশস্য লাইসেন্স এর সত্যায়িত কপি,(০৩) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি,(৪) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র,(০৫) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের (নিজের হলে দলিলপত্র/ভাড়ার হলে চুক্তিপত্র) ফটোকপি দিতে হবে,(০৬) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি,(০৭) নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি এবং (০৮) অঙ্গীকারনামা,(০৯) চালানের মুল কপি

22/8/25

(এমএম ইকবাল হোসেন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা ওএমএস কমিটি
রূপসা,খুলনা।

CamScanner